# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুয়াযযিন ব্যক্তির আযান শুনে যারা সালাত আদায় করবে, মুয়াযযিনের জন্য তাদের সমপরিমাণ সাওয়াব হবে মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمُؤَذِّنَ يَكُونُ لَهُ كَأَجْرِ مَنْ صَلَّى بِأَذَانِهِ

আরবী

1666 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَازِمٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي عَمْرٍو الشَّيْبَانِيِّ: عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ قَالَ: أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُبدِعَ بِي فَاحْمِلْنِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَيْسَ عِنْدِي) فَقَالَ رَجُلٌ: أَنَا أَدُلُّهُ عَلَى مَنْ يَحْمِلُهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فله مثل أجر فاعله)
الراوي : أَبُو مَسْعُودٍ الْأَنْصَارِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1666 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1660).
قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ أُبْدِعَ بِي: يُرِيدُ: قُطِعَ بِي عَنِ الرُّكُوبِ لِأَنَّ رَوَاحِلِي كَلَّتْ وعرجت

বাংলা

১৬৬৬. আবূ মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এক ব্যক্তি এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার কাছে কোন বাহনের ব্যবস্থা নেই কাজেই আমার জন্য বাহনের ব্যবস্থা করে দিন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমার কাছে তো নেই।” সে সময় আরেক ব্যক্তি বললো, “আমি তাকে এমন ব্যক্তির সন্ধান দিতে পারবো, যিনি তাকে বাহনের ব্যবস্থা করবেন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যে ব্যক্তি কোন ভালো কাজের সন্ধান দিবে, সে ঐ কাজ সম্পাদনকারীর সমপরিমাণ সাওয়াব পাবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “হাদীসে সেই ব্যক্তির ভাষ্য إِنِّي أُبْدِعَ بِي এর দ্বারা উদ্দেশ্য হলো

সফর করা আমার সম্ভব নয়, কেননা আমার বাহন দুর্বল ও অসুস্থ হয়ে পড়েছে।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৭২; সহীহ মুসলিম: ১৮৯৩; তাবারানী: ১৭/৬২৬; সুনান বাইহাকী: ৯/২৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৫৪; আত তায়ালিসী: ৬১১; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৪২; আবূ দাঊদ: ৫১২৯; তিরমিযী: ২৬৭১; তাহাবী, মুশকিলুল আসার: ১/৪৮৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৬২৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন